

“মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা  
ই-হজ ব্যবস্থাপনা”।

অতিব জরুরি  
হজ সর্বোচ্চ অগ্রাধিকার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়  
হজ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
www.hajj.gov.bd

স্মারক নং-১৬.০০.০০০০.০০৩.২৫.০০৯.১৮.৫৭৬

তারিখ: ২০ জ্যৈষ্ঠ ১৪২৫  
০৩ জুন ২০১৮

বিষয়: ১৪৩৯ হিজরি/২০১৮ সালে হজে গমনেচ্ছু হজযাত্রীদের প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যে জেলা পর্যায়ের প্রশিক্ষকদের প্রশিক্ষণ (ToT) প্রদান।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের উদ্যোগে আসন্ন ১৪৩৯ হিজরি/২০১৮ খ্রি. সালের হজে গমনেচ্ছু হজযাত্রীদের প্রশিক্ষণ প্রদানের অংশ হিসেবে সারাদেশব্যাপী প্রতিটি জেলায় সম্মানিত হজযাত্রীদের প্রশিক্ষণের আয়োজন করা হবে। জেলা পর্যায়ে সরকারি ও বেসরকারি ব্যবস্থাপনার হজ যাত্রীদের প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যে প্রতিটি জেলায় একটি হজ প্রশিক্ষণ টিম গঠন করা হবে। জেলা পর্যায়ে প্রশিক্ষণ টিমের প্রশিক্ষকদের পর্যায়ক্রমে প্রশিক্ষণ (ToT) প্রদানের জন্য আগামী ০৬-০৯ জুন, ২০১৮ তারিখ হজ অফিস, আশকোনা, ঢাকায় প্রশিক্ষণের আয়োজন করা হয়েছে।

০২। প্রতিটি জেলায় হজ প্রশিক্ষণ টিমের গঠন নিম্নরূপ:


১. প্রশিক্ষণ সমন্বয়ক - ১ জন (জেলা প্রশাসক/ প্রতিনিধি);
২. সহযোগী প্রশিক্ষণ সমন্বয়ক- ১ জন (ইসলামিক ফাউন্ডেশন এর উপ-পরিচালক পর্যায়ের);
৩. হজের ধর্মীয় ও হজ পালন বিষয়ে অভিজ্ঞ- ২ জন (মুফতি/মাওলানা) ;
৪. স্বাস্থ্য বিষয়ক (ডাক্তার) - ১ জন;
৫. হাবের প্রতিনিধি - ১ জনসহ সর্বমোট ৬ জন।

০৩। উল্লেখ্য যে, সকল প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ ভাতা প্রদান করা হবে। তবে অনুচ্ছেদ ০২ এর ক্রমিক নং- ১, ২ ও ৪ প্রশিক্ষণার্থীগণ স্ব-স্ব দপ্তর থেকে সরকারি বিধি মোতাবেক টিএ/ডিএ প্রাপ্য হবেন এবং ক্রমিক নং-৩ ও ৫ এ বর্ণিত প্রশিক্ষার্থীদের প্রশিক্ষণ ভাতা ছাড়াও যাতায়াত ভাতা প্রদান করা হবে।

০৪। এমতাবস্থায়, জেলা পর্যায়ে হজ প্রশিক্ষণ টিমের সদস্য মনোনয়নের ক্ষেত্রে পূর্বে হজ পালনের অভিজ্ঞতা রয়েছে এমন ব্যক্তিদের অগ্রাধিকার দিতে হবে। অনুচ্ছেদ- ২ এ বর্ণিত প্রশিক্ষণ টিমের রুপরেখা মোতাবেক আপনার জেলার ToT টিমের সদস্যবৃন্দের ক্রমিক নং-১-৪) নাম, পদবি, ঠিকানা ও মোবাইল নম্বরসহ মনোনয়ন প্রদান করত: আগামী ০৫/০৬/২০১৮ তারিখের মধ্যে ইমেইলে (moragovbd@gmail.com) প্রেরণ করবেন এবং সংযুক্তি-খ তে বর্ণিত প্রশিক্ষণসূচী অনুসারে তাঁদের হজ অফিস, ঢাকায় অংশগ্রহণ নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

সংযুক্তি: (ক) অনুষ্ঠানসূচি;

(খ) তারিখ ও সময় অনুযায়ী বিভিন্ন জেলার প্রশিক্ষণসূচি;

  
আব্দুল্লাহ আরিফ মোহাম্মদ  
সিনিয়র সহকারী সচিব  
ফোন: ৯৫৮৪৩২২  
e-mail: morahajsection@gmail.com

জেলা প্রশাসক

জেলা প্রশাসকের কার্যালয়..... (সকল জেলা)।


স্মারক নং-১৬.০০.০০০০.০০৩.২৫.০০৯.১৮.৫৭৬

তারিখ: ০৩.০৬.২০১৮ খ্রি.

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
২. বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়..... (সকল)।
৩. মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, আগারগাঁও, ঢাকা।
৪. মন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৫. পরিচালক, হজ অফিস, আশকোনা, বিমানবন্দর, ঢাকা।
৬. সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।


৭. সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৮. হজ এজেন্সিজ এ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), সাতারা সেন্টার, হোটেল ভিক্টোরী, নয়াপল্টন, ঢাকা ( অনুচ্ছেদ-২ এর ৫ নং ক্রমিকে বর্ণিত জেলা ভিত্তিক প্রতিনিধি মনোনয়ন প্রদান পূর্বক এ মন্ত্রণালয়কে অবহিতকরণসহ সংযুক্তি-খ তে বর্ণিত সুচী অনুযায়ী হজ অফিস, ঢাকায় প্রশিক্ষণে অংশগ্রহণের অনুরোধসহ)।
৯. ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লিমিটেড, ১২ কাওরান বাজার, ঢাকা (পত্রটি সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ এবং অবহিতকরণের অনুরোধসহ)।
১০. অফিস কপি।

  
আব্দুল্লাহ আরিফ মোহাম্মদ  
সিনিয়র সহকারী সচিব

সংযুক্তি - ক

অনুষ্ঠান সূচিঃ

সময়	বিষয়	উপস্থাপক/সঞ্চালক
৯.০০ ঘটিকা	রেজিষ্ট্রেশন ও প্রশিক্ষণ সামগ্রী বিতরণ	-
১০.০০ ঘটিকা	স্বাগত বক্তব্য ও উদ্বোধন	সচিব মহোদয়
৯.১০ ঘটিকা	হাব প্রতিনিধির বক্তব্য	হাব প্রতিনিধি
০৯.২০ ঘটিকা	হজ ব্যবস্থাপনা/প্রশাসনিক বিষয়ক উপস্থাপনা	
১০.৪০	স্বাস্থ্য বিষয়ক উপস্থাপনা	সংশ্লিষ্ট চিকিৎসক
১১.৩০ ঘটিকা	হজের ধর্মীয় বিধি বিধান সম্পর্কে উপস্থাপনা/বক্তব্য	সংশ্লিষ্ট মুফতি/মাওলানা
০১.০০ ঘটিকা	নামাজের বিরতি	
০২.০০ ঘটিকা	হজের ডকুমেন্টারি ও হাতে কলমে শিক্ষা	
০৩.০০ ঘটিকা	মুক্ত আলোচনা ও সমাপনী	




আব্দুল্লাহ আরিফ মোহাম্মদ  
সিনিয়র সহকারী সচিব  
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

সংযুক্তি - খ

তারিখ ও সময় অনুযায়ী বিভিন্ন জেলার প্রশিক্ষণ সূচি

সময়	সংশ্লিষ্ট জেলার ToT প্রশিক্ষণার্থী
০৬/০৬/২০১৮	নরসিংদী, গাজীপুর, শরীয়তপুর, নারায়ণগঞ্জ, টাঙ্গাইল, কিশোরগঞ্জ, মানিকগঞ্জ, ঢাকা (২ টি ToT টিম), মুন্সিগঞ্জ, রাজবাড়ী, মাদারীপুর, গোপালগঞ্জ, ফরিদপুর, সিলেট, মৌলভীবাজার, হবিগঞ্জ মোটঃ ১৬ জেলা ; মোটঃ ১০২ জন
০৭/০৬/২০১৮	সুনামগঞ্জ, শেরপুর, ময়মনসিংহ, জামালপুর, নেত্রকোণা, কুমিল্লা, ফেনী, ব্রাহ্মণবাড়িয়া, রাজশাহী, নোয়াখালী, চাঁদপুর, লক্ষ্মীপুর, চট্টগ্রাম (২ টি ToT টিম), কক্সবাজার, খাগড়াছড়ি, বান্দরবান মোটঃ ১৬ জেলা; মোটঃ ১০২ জন
০৮/০৬/২০১৮	<b>রাজশাহী ও রংপুর বিভাগের সকল জেলাঃ</b> রাজশাহীঃ সিরাজগঞ্জ, পাবনা, বগুড়া, রাজশাহী, নাটোর, জয়পুরহাট, চাঁপাইনবাবগঞ্জ, নওগাঁ রংপুরঃ পঞ্চগড়, দিনাজপুর, লালমনিরহাট, নীলফামারী, গাইবান্ধা, ঠাকুরগাঁও, রংপুর, কুড়িগ্রাম মোটঃ ১৬ জেলা; মোটঃ ৯৬ জন
০৯/০৬/২০১৮	<b>খুলনা ও বরিশাল বিভাগের সকল জেলাঃ</b> খুলনাঃ যশোর, সাতক্ষীরা, মেহেরপুর, নড়াইল, চুয়াডাঙ্গা, কুষ্টিয়া, মাগুরা, খুলনা, বাগেরহাট, ঝিনাইদহ বরিশালঃ ঝালকাঠি, পটুয়াখালী, পিরোজপুর, বরিশাল, ভোলা, বরগুনা মোটঃ ১৬ জেলা; মোটঃ ৯৬ জন



আব্দুল্লাহ আরিফ মোহাম্মদ  
সিনিয়র সহকারী সচিব  
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা